

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৩১৪  
বিলোনীয়া, ২৮ মার্চ, ২০২৪

**লোকসভা নির্বাচন ২০২৪**  
**মুখ্য নির্বাচন আধিকারিকের সভাপতিত্বে বিলোনীয়ায় সভা**

রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক (সিইও) পুনীত আগরওয়ালের সভাপতিত্বে আজ বিলোনীয়া সার্কিট হাউসের কনফারেন্স হলে আসন্ন লোকসভার সাধারণ নির্বাচন ২০২৪ উপলক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় আসন্ন লোকসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করা হয়। ভোটগ্রহণকে কেন্দ্র করে গৃহীত নিরাপত্তা ব্যবস্থা, আইন-শৃঙ্খলা পরিস্থিতি, ভোটগ্রহণ কেন্দ্রগুলির অবস্থা, ভোটগ্রহণের যাবতীয় প্রস্তুতি ও ভোটগণনার প্রস্তুতি সম্পর্কে সিইও অবগত হন। ভোটগ্রহণ সম্পর্কে সিইও নির্বাচন কমিশনের নির্দেশাবলীর বিস্তারিত আলোচনা করেন ও প্রয়োজনীয় পরামর্শ দেন। বৈঠকে উপস্থিত ছিলেন জেলা নির্বাচন আধিকারিক তথা দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল, অ্যাসিস্টেন্ট রিটার্নিং অফিসারগণ, সেক্টর অফিসার (সিভিল ও পুলিশ), সকল জেলা পর্যায়ের নোডাল অফিসার, জেলা পুলিশ সুপার অশোক সিনহা, সীমান্ত সুরক্ষা বাহিনীর ৯৬, ৬৯, ১০৯ এবং ৪৩ নং ব্যাটেলিয়নের কমান্ডেন্টগণ, দক্ষিণ ত্রিপুরার সিএপিএফের কোম্পানি কমান্ডার, মহকুমা পুলিশ আধিকারিকগণ সহ পুলিশের ও অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকগণ। সভায় মুখ্য নির্বাচন আধিকারিকের সাথে উপস্থিত ছিলেন অ্যাডিশনাল ডিরেক্টর জেনারেল অব পুলিশ (এ পি) জি এস রাও এবং সিআরপিএফের ত্রিপুরা সেক্টরের আইজিএফ স্টেট ফোর্স কো-অর্ডিনেটর দর্শনলাল গোলা।

\*\*\*\*\*